

রবীন্দ্রনাথঃ প্রথম সূর্য

অজয় দাশগুপ্ত

তঁর হাত ধরে বিশ্বভ্রমণ, ইহ জাগতিক সঙ্গী
তিনি গড়েছেন বাঙালি মানষ, বাঙালির মনোভঙ্গি
তঁর কবিতায় প্রতিবাদ আছে, আছে বাঁচবার প্রেরনা
তঁকে ধরে তাই এগুতেই হবে, কখনো যে তঁকে ছেড়ো না
বহুবার তিনি বহু প্রশ্নে অকারনে হয়ে বিদ্ধ
আমাদের গৃহে বিনা কারনে তিনি ছিলেন নিষিদ্ধ
টেকেনি সে বাধা, অযুত বাঙালি প্রতিবাদে ছিল জেগে
ফিরে এসেছেন স্বাধীন স্বদেশে আরো শতগুন বেগে

তঁর রচনা শক্তি যোগায় জীবন যখন রুদ্ধ
তঁর সঙ্গীত অমর করেছে মহান মুক্তিযুদ্ধ
হিমালয় সম উচ্চতা তঁর, করতে পারবে ক্ষতি কে?
পরিনত তিনি আমাদেরই প্রিয় মাটি ও দেশের প্রতীকে।

তিনি হীন কিছু শিল্প ও নেই, গানের কথা কে ভাববে?
শতবর্ষে অম্লান তিনি, গান ও রচনা কাব্যে
কে আমি আর কোথাকার আমি? এই প্রশ্নে উহ্য
সারাটি জীবন দীপ জ্বলে দিয়ে খুঁজে ফিরেছেন সূর্য
প্রথম বাঙালি নোবেল বিজয়ী মানসলোকের কবি হে
সুপ্তি রাতে, ভোর প্রভাতে গগনের প্রিয় রবি হে।